গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১১.৩১.০০১.২৫-৩৮০

তারিখ: ১১ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: এনটিআরসিএ কর্তৃক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি) ই-রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্নকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এনটিআরসিএ কর্তৃক নিয়োগ সুপারিশ কার্যক্রম গ্রহণ করার নিমিত্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদরাসা ও কারিগরি) ইতোপূর্বে ই-রেজিস্ট্রেশন করে নাই তাদের নতুনভাবে ই-রেজিস্ট্রেশন করা এবং যে সকল শিক্ষা প্রতিষ্ঠান পূর্বেই ই-রেজিস্ট্রেশন করা আছে তাদের প্রোফাইল আগামী **০৫ নভেম্বর ২০২৫** তারিখের মধ্যে হালনাগাদ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে নতুনভাবে ই-রেজিস্ট্রেশন এবং প্রতিষ্ঠানের প্রোফাইল হালনাগাদ করা না হলে পরবর্তীতে উক্ত প্রতিষ্ঠান কর্তৃক অনলাইনে এনটিআরসিএ বরাবর নিয়োগযোগ্য শিক্ষক চাহিদা (e-requisition) প্রদান করা সম্ভব হবে না। প্রসঙ্গত: উল্লেখ্য যে, জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণের নিজস্ব প্রোফাইলও হালনাগাদ করতে হবে।

২। এমতাবস্থায়, উল্লিখিত কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের জন্য এনটিআরসিএ এর ওয়েবসাইটের (www.ntrca.gov.bd) **ই-রেজিস্ট্রেশন** সেবা বক্সে প্রদর্শিত নির্দেশিকা অনুসরণ এবং তাঁর জেলার আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে ই-রেজিস্ট্রেশন সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। বিষয়টি অতীব জরুরী।

(তাসনিম জেবিন বিনতে শেখ)
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২১.

প্রাপক,

জেলা শিক্ষা অফিসার (সকল)

সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৬. জেলা প্রশাসক (সকল) [পত্রে উল্লিখিত কার্যক্রমের উপর নিবিড় মনিটরিং এর অনুরোধসহ];
৭. সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ, ঢাকা (এনটিআরসিএ-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৯. পিএ টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. অফিস কপি।

Scanned with CamScanner